



আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

কেন্দ্রীয় হিসাব বিভাগ

প্রধান কার্যালয়, ঢাকা।

হিসাব পরিপত্র নং-০৪/২০২৪

তারিখঃ ১৪ মে ২০২৪


বিষয়ঃ ব্যাংকের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের প্রতিলিপি শাখায় সংরক্ষণ এবং স্থিতিপত্র (Balance Sheet) ও সার্বিক কার্যক্রম (Highlights of Bank's Performance) ব্যাংকের সকল শাখায় দৃশ্যমান স্থানে স্থাপন প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় হতে ২৫ জুন ২০০৩ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-১৪ এর অনুষ্টেদ নং-খ এর (২১) ও (২২) অনুযায়ী অত্র ব্যাংকের সকল শাখায় প্রত্যেক বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও স্থিতিপত্রের প্রতিলিপি সংরক্ষণ এবং ব্যাংকের ওয়েবসাইটেও এই বিবরণী প্রকাশ করতে হবে, যাতে গ্রাহকগণ চাহিবামাত্র উহা ব্যবহার করতে পারেন। এছাড়াও ব্যাংকের স্থিতিপত্র (Balance Sheet) ও এক নজরে সার্বিক কার্যক্রম (Highlights of Bank's Performance) এর তথ্য সকল শাখায় দৃশ্যমান স্থানে স্থাপন করার নির্দেশনা রয়েছে।

০২। উপরোক্ত অনুষ্টেদ মোতাবেক সংযুক্ত ফাইল অনুযায়ী ব্যাংকের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের স্থিতিপত্র (Balance Sheet) ও এক নজরে ব্যাংকের সার্বিক কার্যক্রমের (Highlights of Bank's Performance) প্রতিলিপি ব্যাংকের সকল শাখায় দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে। এছাড়াও ২০১৭-২০১৮ হতে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত ব্যাংকের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের প্রতিলিপি ইতোমধ্যে ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনা প্রদান করা হলো।

আপনার বিশ্বস্ত,


১৪.০৫.২০২৪

মোঃ আঃ আলীম

সহকারী মহাব্যবস্থাপক

মোবাইল-০১৭১২-২১৩৯৫৭


সংযুক্তিঃ যথাবর্ণিত।

সূত্র নং-১/১১/১৭২/ ১৫/১৭

তারিখঃ ১৪ মে ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (সংশ্লিষ্ট সকলকে ব্যাংকের ওয়েবসাইট থেকে কপি সংগ্রহ করার অনুরোধসহ):

১. স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. বোর্ড সচিব, পর্যদ সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। বিভাগ প্রধান, আইসিটি বিভাগকে উপরোক্ত পরিপত্র ও ২০২২-২০২৩ অর্থ বছরের অডিট রিপোর্ট ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ।
৬. সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক নিরীক্ষা প্রধান, শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৭. সংশ্লিষ্ট নথি/মহানথি।


১৪.০৫.২০২৪

মোঃ মাইনুল ইসলাম

প্রিন্সিপাল অফিসার

ফোন নং-০২-৪৮৩১৩১৪৭

ই-মেইল:avubacc@gmail.com